# ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ মজলিসের আদব

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

মজলিসে বসার সময় আদবের সাথে থাকুন

মজলিসে বসার সময় আদবের সাথে থাকুন। যাতে লোকে আপনাকে খারাপ ভাবে সে রকম কাজ করবেন না। যেমন কারো দিকে পা করে বা পা মেলে বসবেন না। দুজনের জায়গা একা নিয়ে বসবেন না। সীট বা টেবিলের উপর পা তুলে বসবেন না। দাঁত বা নাক খুঁটবেন না। হাওয়া ছাড়বেন না। কারো হাওয়া ছাড়া শুনে হাসবেন না। যেহেতু মহানবী (ﷺ) কারো হাওয়া ছাড়া শুনে হাসতে নিষেধ করেছেন।[1] তিনি বলেছেন, “তোমাদের কেউ যে কাজ নিজেও করে সে কাজে হাসে কেন?”[2]

হাঁচি এলে শব্দ হাল্কা করার চেষ্টা করুন এবং মুখে হাত রেখে নিন। যাতে নাক বা মুখ হতে নির্গত কোন জিনিস অপরের গায়ে না লাগে।

হাই তুললে যথাসম্ভব দমন করার চেষ্টা করুন এবং মুখে হাত রেখে নিন।

## ফুটনোট

[1]. সহীহুল জা’মে হা/৬৮৯৬

[2]. বুখারী, মুসলিম, মিশকাত হা/ ৩২৪২

Source — https://www.hadithbd.com/books/link/?id=8054

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন